

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৩৫টি প্রতিষ্ঠানকে ১.৭০ লক্ষ টাকা জরিমানা

১৯ সেপ্টেম্বর ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয় ও বিভিন্ন জেলা কার্যালয়ের ১৬ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, নরসিংদী, টাঙ্গাইল, নারায়ণগঞ্জ, জামালপুর, পিরোজপুর, যশোর, সিলেট, মৌলভীবাজার, কুষ্টিয়া, কুড়িগ্রাম, বগুড়া, নেত্রকোণা, শেরপুর ও শরীয়তপুরে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর কলাবাগান এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে তাজরিন ফার্মেসী লিমিটেডকে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা এবং মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে কাসেম ড্রাগসকে ৩,০০০/- (তিন হাজার) টাকাসহ মোট ৪৩,০০০/- (তেরাতাল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

নরসিংদী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ রায়হান কুদ্দুসের নেতৃত্বে নরসিংদী সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা, টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাগফুর রহমানের নেতৃত্বে টাঙ্গাইল সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে নারায়ণগঞ্জ সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা, জামালপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে জামালপুর সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৯,০০০/- (উনিশ হাজার) টাকা, পিরোজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়া'র নেতৃত্বে পিরোজপুরের জিয়ানগর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৫০০/- (পাঁচশত) টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সিলেটের বিভিন্ন এলাকায় ৪টি প্রতিষ্ঠানকে ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা, সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্লাহ এর নেতৃত্বে সিলেটের কোতয়ালী থানা এলাকায় ২টি প্রতিষ্ঠানকে ১২,০০০/- (বার হাজার) টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে মৌলভীবাজার সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে কুষ্টিয়ার কুমারখালী উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রামের উলিপুর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা, বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরীফুল ইসলামের নেতৃত্বে বগুড়া সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা, নেত্রকোণা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে নেত্রকোণা সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা, শেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আরিফুল ইসলামের নেতৃত্বে শেরপুর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং শরীয়তপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জামালুল ফেরদাউসের নেতৃত্বে শরীয়তপুর সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৩,০০০/- (তিন হাজার) টাকাসহ মোট ১,২৭,৫০০/- (এক লক্ষ সাতাত্ত্বিশ হাজার পাঁচশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, ওজনে কারচুপির অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ১৬টি বাজার তদারকির মাধ্যমে ৩৫টি প্রতিষ্ঠানকে মোট ১,৭০,৫০০/- (এক লক্ষ সত্তর হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানিটারী ইন্সপেক্টর, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, রাজশাহী, খুলনা, রংপুর ও বরিশাল মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, নরসিংদী, টাঙ্গাইল, নারায়ণগঞ্জ, জামালপুর, পিরোজপুর, যশোর, সিলেট, মৌলভীবাজার, কুষ্টিয়া, কুড়িগ্রাম, বগুড়া, নেত্রকোণা, শেরপুর ও শরীয়তপুর।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, নরসিংদী, টাঙ্গাইল, নারায়ণগঞ্জ, জামালপুর, পিরোজপুর, যশোর, সিলেট, মৌলভীবাজার, কুষ্টিয়া, কুড়িগ্রাম, বগুড়া, নেত্রকোণা, শেরপুর ও শরীয়তপুর।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।